Continued from page 8

সিকিউরিটি, অজড় করার জন্য ইস্যুয়ারের নিকট জমা দিতে পারিবে।

(২) সিকিউরিটি অজড় করার জন্য জমা দিতে হইলে আবেদনকারী কর্তৃক উপ-আইন দ্বারা নির্ধারিত ফরম পূরণপূর্বক সংশ্লিষ্ট সিকিউরিটি সার্টিফিকেট উক্ত ফরমের সাথে সংযুক্ত করিয়া ইস্যুয়ারের নিকট জমা দিতে হইবে।

(৩) ইস্যুয়ার উক্ত সিকিউরিটি সার্টিফিকেটসহ আবেদন গ্রহণ করিয়া দুই প্রস্থের (in duplicate) প্রাপ্তি স্বীকার রশিদ (acknowledgement receipt) আবেদনকারীকে তাৎক্ষণিকভাবে প্রদান করিবে।

(৪) আবেদনকারী উক্ত দুই প্রস্থের প্রাপ্তি স্বীকার রশিদের এক প্রস্থ এবং আবেদনপত্রের একটি অনুলিপি যেইখানে তাহার হিসাব খোলা আছে (অর্থাৎ ডিপজিটরি অথবা অংশগ্রহণকারী) উহার নিকট জমা দিবে। ডিপজিটরি বা অংশগ্রহণকারী উক্ত প্রাপ্তি স্বীকার এর ভিত্তিতে আবেদনকারীর হিসাবে উহা লিপিবদ্ধ করিবে।

(৫) অজড়ের জন্য জমাকৃত সিকিউরিটি যদি একাধিক নামে নিবন্ধিত হইয়া থাকে তাহা হইলে প্রত্যেকে আবেদনপত্রে স্বাক্ষর করিবেন।

(৬) ইস্যুয়ার, আবেদনপত্র পাওয়ার সাত কার্যদিবসের মধ্যে, উহা অনুমোদন করিবে এবং লিখিতভাবে জানাইয়া দিবে, না করিলে কি কারণে উহা অনুমোদিত হয় নাই তাহাও লিখিতভাবে আবেদনকারীকে সহ ডিপজিটরি বা অংশগ্রহণকারীকে জানাইয়া দিবে এবং ডিপজিটরি আইন, ১৯৯৯ অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে।

(৭) ডিপজিটরি ইস্যুয়ারের লিখিত অনুমোদন পাওয়ার সাথে সাথে তাহা আবেদনকারীর হিসাবে অজড় সিকিউরিটি হিসাবে লিপিবদ্ধ করিবে।

৪০। **অজড়কৃত সিকিউরিটি জড় অবস্থায় পরিবর্তন।** - (১) উপ-আইনের বিধান সাপেক্ষে, কেহ ইচ্ছা করিলে তাহার হিসাবে জমাকৃত অজড় সিকিউরিটিকে, নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে, পুনরায় জড় অবস্থায় পরিবর্তন করিতে পারিবে।

(২) অজড় হইতে জড় পদ্ধতিতে পরিবর্তন করিতে চাহিলে উপ-আইনে উল্লিখিত ফরম পূরণ করিয়া ডিপজিটরি অংশগ্রহণকারীর নিকট জমা দিতে হইবে।

(৩) ডিপজিটরি অংশগ্রহণকারী উক্ত ফরমে প্রদত্ত বিবরণ, সহি ইত্যাদি সম্বন্ধে নিশ্চিত হইয়া জড় করার অনুরোধ গ্রাহকের হিসাবের নির্দিষ্ট স্থানে লিপিবদ্ধ করিবে এবং প্রত্যক্ষ হিসাবধারক বা হিসাবধারককে ফরমের নির্দিষ্ট স্থান পূরণ করিয়া উহা তাৎক্ষণিকভাবে প্রাপ্তি স্বীকার হিসাবে আবেদনকারীকে ফেরত দিবে।

(৪) জড় করার অনুরোধ পাওয়ার তিন কার্যদিবসের মধ্যে অংশগ্রহণকারী উপ-আইনে উল্লিখিত মূল ফরম ডিপজিটরির নিকট দাখিল করিবে এবং ডিপজিটরি উহা অবিলম্বে ইস্যুয়ারের নিকট দাখিল করিবে।

(৫) ইস্যুয়ার ডিপজিটরির আবেদন পাওয়ার পর অবিলম্বে উহার যথার্থতা সম্বন্ধে নিশ্চিত হইয়া ডিপজিটরি রেজিস্টারের অংশ হইতে সমসংখ্যক সিকিউরিটি উক্ত ফরমে উল্লিখিত ব্যক্তির নামে উহা হস্তান্তর করিবে এবং আবেদন পাওয়ার পনের দিনের মধ্যে জড় সিকিউরিটি ইস্যু করিবে।

## ষষ্ঠ অধ্যায়
## সিকিউরিটির মালিকানায় পরিবর্তন

৪১। **সিকিউরিটির মালিকানা পরিবর্তনের ক্ষেত্রে মূল্য পরিশোধের নিশ্চয়তা।** - ডিপজিটরি এই মর্মে নিশ্চিত করিবে যে উহার এমন ব্যবস্থা রহিয়াছে যাহার মাধ্যমে স্টক এক্সচেঞ্জে সিকিউরিটি লেনদেনের বেলায়, প্রযোজ্য ক্ষেত্রে, মূল্য পরিশোধের নিশ্চয়তা প্রাপ্তির পরই কেবল সিকিউরিটির মালিকানা হস্তান্তরিত হইবে।

৪২। **স্টক এক্সচেঞ্জে লেনদেন ব্যতীত সিকিউরিটির মালিকানা এক হিসাব হইতে অন্য হিসাবে স্থানান্তর ইত্যাদি।** - (১) ডিপজিটরি অংশগ্রহণকারী উহার হিসাবধারক, প্রত্যক্ষ হিসাবধারক বা সুবিধাভোগী মালিকের লিখিত অনুমতি ব্যতীত কোন সিকিউরিটি স্থানান্তর করিতে পারিবে না।

(২) কোন হিসাবধারক, প্রত্যক্ষ হিসাবধারক বা সুবিধাভোগী মালিক তাহার হিসাব হইতে অন্য হিসাবে সিকিউরিটি স্থানান্তর করিতে চাহিলে উপ-আইনে উল্লিখিত ফরম পূরণ করিয়া কমিশনের অনুমতিপত্রসহ ডিপজিটরি অংশগ্রহণকারীর নিকট জমা দিবে। ডিপজিটরি অংশগ্রহণকারী তাৎক্ষণিকভাবে উক্ত ফরমে প্রদত্ত তথ্যাদির যথার্থতা পরীক্ষা করিয়া সঠিক পাইলে তবে তাহা উহার সিস্টেমে লিপিবদ্ধ করিবে।

(৩) কোন হিসাবধারক, প্রত্যক্ষ হিসাবধারক বা সুবিধাভোগী মালিক তাহার হিসাবে সিকিউরিটি স্থানান্তর করিতে চাহিলে উপ-আইনে উল্লিখিত ফরম পূরণ করিয়া ডিপজিটরি অংশগ্রহণকারীর নিকট হস্তান্তর করিবে এবং ডিপজিটরি অংশগ্রহণকারী তাহা উহার সিস্টেমে লিপিবদ্ধ করিবে।

(৪) কেহ ইচ্ছা করিলে ডিপজিটরি অংশগ্রহণকারীকে সুনির্দিষ্ট সময় বা সকল সময়ের জন্য বলবৎ সিকিউরিটি হস্তান্তর সংক্রান্ত নির্দেশ দিতে পারিবে এবং সেই ক্ষেত্রে তাহাকে প্রতিবার উপ-আইনে উল্লিখিত ফরম পূরণ করিতে হইবে না।

(৫) যখন সিকিউরিটি স্থানান্তর এবং সিকিউরিটি হস্তান্তর আদেশ মিলিয়া যাইবে তখন স্বয়ংক্রিয় পদ্ধতিতে সিকিউরিটি এক হিসাব হইতে অন্য হিসাবে তাৎক্ষণিকভাবে স্থানান্তর ও হস্তান্তর হইতে হইবে।

(৬) ভুল লিপিবদ্ধতার কারণে ডিপজিটরি যদি কোন সিকিউরিটি স্থানান্তর বা হস্তান্তর করিতে না পারে তবে সেই ক্ষেত্রে অবিলম্বে এই ব্যাপারে পরীক্ষা বা অনুসন্ধান শেষ না হওয়া পর্যন্ত ডিপজিটরি উহা একটি সাময়িক হিসাব খাতে জমা করিবে।

(৭) কোন হিসাবধারক, প্রত্যক্ষ হিসাবধারক বা সুবিধাভোগী মালিকের মৃত্যু হইলে তাহার বৈধ ওয়ারিস উপ-আইনে উল্লিখিত ফরম পূরণ করিয়া ট্রান্সমিশন (transmission) এর জন্য যে ডিপজিটরি অংশগ্রহণকারীর নিকট সিকিউরিটি গচ্ছিত আছে উহার নিকট আবেদন করিবে। ডিপজিটরি অংশগ্রহণকারী সম্পূর্ণ আবেদন ডিপজিটরির নিকট প্রেরণ করিবে। ডিপজিটরি লিখিতভাবে তাহা অনুমোদন করিলে ট্রান্সমিশন কার্যকর হইবে।

৪৩। **ডিপজিটরি রেজিস্টারে লিপিবদ্ধ মালিকানাধারী ব্যক্তি সম্পর্কে ইস্যুয়ারকে তথ্য সরবরাহ।** - (১) প্রত্যেক ডিপজিটরি নিয়মিতভাবে ইস্যুয়ারকে অর্ধ-বার্ষিক প্রতিবেদন প্রেরণ, বার্ষিক প্রতিবেদন প্রেরণ, ক্যাশ অথবা স্টক ডিভিডেন্ড প্রেরণ, রেজিস্টারের নিকট রিটার্ণ দাখিল ইত্যাদির জন্য ঐ ইস্যুয়ারের ডিপজিটরি রেজিস্টারে লিপিবদ্ধ সিকিউরিটির মালিকানার তথ্য (নাম, ঠিকানা, সিকিউরিটির সংখ্যা, ইত্যাদি) সরবরাহ করিবে এবং ইস্যুয়ার উক্ত তথ্য অনুযায়ী কাজ করিবে।

(২) কোন তথ্য প্রেরণের জন্য ডিপজিটরি বা ইস্যুয়ার একে অপরকে লিখিতভাবে অনুরোধ করিতে হইবে এবং কিভাবে উক্ত তথ্য দিতে হইবে (যেমন, অন-লাইন সংযোগ/ই-মেইল/ফ্লপি ডিস্ক) তাহা উক্ত অনুরোধে উল্লেখ করিতে হইবে।

(৩) আবেদন পাওয়ার তিন কার্যদিবসের মধ্যে উপ-প্রবিধান (২) এ অনুরোধকৃত তথ্য সরবরাহ করিতে হইবে।

(৪) ডিপজিটরি বা ইস্যুয়ারের প্রধান নির্বাহী কর্মকর্তা অথবা প্রধান নির্বাহী কর্মকর্তার অনুপস্থিতিতে যিনি এই দায়িত্বে নিয়োজিত থাকেন তাহার লিখিত অনুমতি ব্যতিরেকে অন্য কাহারও নিকট ডিপজিটরিতে রক্ষিত সিকিউরিটি সংক্রান্ত কোন তথ্য সরবরাহ করা যাইবে না।

(৫) ডিপজিটরি অংশগ্রহণকারী উহার মাধ্যমে লেনদেনকৃত সিকিউরিটির তথ্য অন-লাইনে (on-line) পাইবে যাহা উহার গ্রাহককে, বা গ্রাহকের মৃত্যু হইলে তাহার আইনানুগ উত্তরাধিকারীকে, সরবরাহ করা যাইবে। গ্রাহকের লিখিত অনুমতি ব্যতীত তাহার হিসাব সংক্রান্ত কোন তথ্য অন্য কাহাকেও হস্তান্তর করা যাইবে না।

## সপ্তম অধ্যায়
## অন্যান্য সুবিধা প্রদান

৪৪। **বন্ধক সুবিধা।** - (১) ডিপজিটরি উহার গ্রাহককে বন্ধক সুবিধা দিতে পারিবে।

(২) বন্ধক এর জন্য ডিপজিটরির উপ-আইন দ্বারা প্রদত্ত চুক্তিপত্রের ধরন অনুযায়ী বন্ধকদাতা এবং বন্ধক গ্রহিতার মধ্যে লিখিত চুক্তিপত্র হইতে হইবে।

(৩) যেই সিকিউরিটি বন্ধক রাখা হইয়াছে উহা বন্ধক গ্রহিতার নির্দেশে হস্তান্তর করা যাইবে।

(৪) বন্ধক থাকা অবস্থায় ডিপজিটরির হিসাবে উহা বন্ধকদাতার নামে লিপিবদ্ধ থাকিবে।

৪৫। **সিকিউরিটি ধার দেওয়া ও নেওয়া।** - কমিশনের পূর্বানুমোদন সাপেক্ষে, ডিপজিটরি, কমিশন কর্তৃক জারিকৃত সিকিউরিটি ধার দেওয়া-নেওয়া সংক্রান্ত বিধিমালা মোতাবেক, সিকিউরিটি ধার দেওয়া ও নেওয়ার সুবিধা প্রদান করিতে পারিবে।

৪৬। **বোনাস ও রাইট শেয়ার ইস্যু।** - যেই সকল ইস্যুয়ারের সিকিউরিটি ডিপজিটরিতে সংরক্ষিত থাকিবে সেই সকল ইস্যুয়ার কোন বোনাস বা রাইট শেয়ার ইস্যু করিলে তবে উক্ত সিকিউরিটির বরাদ্দ ডিপজিটরিতে অন্তর্ভুক্ত করিতে হইবে যাহা ইস্যুয়ারের লিখিত নির্দেশ অনুযায়ী কার্যকর করা হইবে।

৪৭। **লভ্যাংশ বিতরণ।** - ইস্যুয়ার কর্তৃক অনুরোধ করা হইলে উহার ঘোষিত লভ্যাংশের ওয়ারেন্ট ডিপজিটরির মাধ্যমে বিতরণ করা যাইবে। তবে এই ক্ষেত্রে সময়মতো লভ্যাংশ বিতরণ এবং লভ্যাংশ বিতরণ শেষে কমিশনে রিপোর্ট দাখিলের দায়িত্ব যথারীতি ইস্যুয়ারের উপরই বহাল থাকিবে।

## অষ্টম অধ্যায়
## বিবিধ

৪৮। **ডিপজিটরি প্রদত্ত সেবার ফি।** - ডিপজিটরি, উহার প্রদত্ত সেবার জন্য, **তফসীল-'৪'** এ উল্লিখিত ফি গ্রহণ করিতে পারিবেঃ
তবে শর্ত থাকে যে, উক্ত ফি ব্যতীত অন্য কোন খাতে [যেমন, চার্জ (charge), জমা (deposit) ইত্যাদি] অর্থ আদায় করিতে হইলে তাহা উপ-আইন দ্বারা নির্ধারণ করিতে হইবে।

৪৯। **সর্বসাধারণের জন্য পরিদর্শন।** - ডিপজিটরি অফিস চলাকালীন সময়ে জনসাধারণের পরিদর্শনের জন্য নিম্নলিখিত তথ্য, কাগজপত্র ইত্যাদি প্রস্তুত রাখিবে, যথাঃ

(ক) যোগ্য সিকিউরিটির তালিকা;

(খ) ডিপজিটরি অংশগ্রহণকারীদের নাম, ঠিকানা ও টেলিফোন নম্বর;

(গ) ডিপজিটরি আইন, ডিপজিটরি প্রবিধানমালা, উপ-আইন, ম্যানুয়াল ইত্যাদি;

(ঘ) ডিপজিটরি রেজিস্টার; এবং

(ঙ) কমিশন কর্তৃক নির্দেশিত অন্য কোন তথ্য, কাগজপত্র ইত্যাদি।

৫০। **অভিযোগ ও সমাধান।** - ডিপজিটরি তাহার বরাবরে দাখিলকৃত সকল অভিযোগ যথাযথভাবে লিপিবদ্ধ রাখিবে এবং অভিযোগ সমাধানে তাৎক্ষণিক যথাবিহীত ব্যবস্থা গ্রহণ করিবে।

৫১। **কমিশনে রিপোর্ট দাখিল।** - (১) ডিপজিটরি কমিশনে, অন্যান্যের মধ্যে, নিম্নলিখিত রিপোর্ট দাখিল করিবে, যথাঃ-

(ক) পূর্ববর্তী কার্যদিবসে স্টক এক্সচেঞ্জে লেনদেন ব্যতীত সিকিউরিটির মালিকানা পরিবর্তনের বিবরণী-পরবর্তী কার্যদিবসের মধ্যে;

(খ) পূর্ববর্তী কার্যদিবসে হস্তান্তরকারীর হিসাবে সিকিউরিটি না থাকার কারণে স্টক এক্সচেঞ্জে লেনদেন নিষ্পত্তি না হইলে উহার বিবরণী-পরবর্তী কার্যদিবসের মধ্যে;

(গ) কোন অংশগ্রহণকারীর বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইলে উহার বিবরণী-পরবর্তী তিন কার্য দিবসের মধ্যে;

(ঘ) সিস্টেমে কোন বিপর্যয় দেখা দিলে তাহা তাৎক্ষণিক অবহিতকরণ সংক্রান্ত রিপোর্ট; এবং

(ঙ) ডিপজিটরির অর্ধ-বার্ষিক রিপোর্ট পরবর্তী একমাসের মধ্যে এবং বার্ষিক আর্থিক বিবরণী-পরবর্তী তিন মাসের মধ্যে।

(২) কমিশন সময়ে সময়ে অন্য যে কোন তথ্য চাহিলে তাহা কমিশনের নির্দেশ অনুযায়ী ডিপজিটরি সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

৫২। **ডিপজিটরি ও অন্যান্যের অধিকার ও দায়-দায়িত্ব।** - ডিপজিটরি, ডিপজিটরি অংশগ্রহণকারী, ইস্যুয়ার এবং ইস্যুয়ারের এজেন্টের অধিকার ও দায়-দায়িত্ব ডিপজিটরি আইন, ডিপজিটরি প্রবিধানমালাসহ এই প্রবিধানমালা, ডিপজিটরির উপ-আইন এবং সংশ্লিষ্ট পক্ষসমূহের মধ্যে সম্পাদিত আইনানুগ চুক্তির মাধ্যমে নির্ধারিত হইবেঃ
তবে শর্ত থাকে যে, এই ক্ষেত্রে কখনো কোন সমস্যা উদ্ভূত হইলে তখন এই ব্যাপারে প্রদত্ত কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৫৩। **বিশেষ ক্ষেত্রে কমিশনের নির্দেশ প্রদান।** - আইন, এই প্রবিধানমালা বা উপ-আইনে বর্ণিত উদ্দেশ্য পূরণের লক্ষ্যে কমিশন যে কোন নির্দেশ প্রদান করিতে পারিবে যাহার যথাযথ পরিপালন নির্দেশিত ব্যক্তির জন্যে বাধ্যতামূলক হইবে।

৫৪। **তদন্ত।** - ডিপজিটরি, ডিপজিটরি অংশগ্রহণকারী এবং সকল হিসাবধারকসহ সংশ্লিষ্ট অন্য যে কোন ব্যক্তির এতদসংক্রান্ত ব্যাপারে কমিশনের তদন্ত করার এখতিয়ার থাকিবে।

৫৫। **শাস্তি।** - এই প্রবিধানমালার কোন প্রবিধান বা উহার অধীন প্রদত্ত নির্দেশ লঙ্ঘনকারীর তথা কমিশনের তদন্তে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে কমিশন, আইন দ্বারা প্রযোজ্য শাস্তির অতিরিক্ত শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে, সংশ্লিষ্ট নিবন্ধন সনদ বা সনদের কার্যকারিতা স্থগিত বা বাতিল করিতে পারিবেঃ
তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ব্যক্তিকে কারণ দর্শানোসহ শুনানির সুযোগ প্রদান ব্যতিরেকে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে নাঃ
আরও শর্ত থাকে যে, সংক্ষুব্ধ ব্যক্তি সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (আপীল) প্রবিধানমালা, ১৯৯৬ এর অধীনে কমিশনের সিদ্ধান্তের বিরুদ্ধে কমিশনে আপীল করিতে পারিবে যাহা উক্ত প্রবিধানমালা অনুযায়ী নিষ্পত্তি করা হইবে।

### তফসিল-১
{প্রবিধান ২৮, উপ-প্রবিধান (২)}
**ডিপজিটরি অংশগ্রহণকারী হিসাবে নিবন্ধনের আবেদন**

১। আবেদনকারীর নাম ঃ
২। আবেদনকারীর ঠিকানা ঃ
{ঠিকানা পরিবর্তিত হইলে উহা তিন কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট ডিপজিটরি ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে}
৩। আবেদনকারীর যে ডিপজিটরি অংশগ্রহণকারী হইতে ইচ্ছুক উহার – ঃ
(ক) নাম ও ঠিকানা ঃ
(খ) কোর্ড নং ঃ
(গ) কোড প্রদানের তারিখ
৪। আবেদনকারী কি হিসাবে সনদ প্রার্থী ঃ ------ অংশগ্রহণকারী
৫। আবেদনকারীর আইনগত মর্যাদা ঃ কোম্পানী/সংবিধিবদ্ধ সংস্থা
(অপ্রযোজ্যটি কাটিয়া দিন)
৬। আবেদনকারীর পক্ষে স্বাক্ষরকারী ব্যক্তির নাম ও প্রদত্ত ক্ষমতার বিবরণ ঃ
(ক্ষমতাপত্রের অনুলিপি দাখিল করুন)
৭। আবেদনকারীর (ক) অফিসের ফোন ফ্যাক্স টেলেক্স/ই-মেইল – ঃ
(খ) প্রধান নির্বাহীর বাসার ফোন/ফ্যাক্স/টেলেক্স/ই-মেইল –
৮। আবেদনকারী কোন কোম্পানী হইলে কোম্পানীর পরিচালকগণের নাম, ঠিকানা এবং অন্য যে সকল কোম্পানীতে/প্রতিষ্ঠানে মালিকানা বা ব্যবসায়িক সম্পর্ক রহিয়াছে তাহার বিবরণ ঃ
৯। আবেদনকারীর সিকিউরিটি ব্যবসায়ে অভিজ্ঞতা (যদি থাকে) ঃ
১০। আবেদনকারীর নীট মূলধন স্থিতি (... তারিখে) ঃ
{নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিল করুন}
১১। আবেদনকারী কোন মার্চেন্ট ব্যাংকার, পোর্টফোলিও ম্যানেজার, মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি, হেফাজতকারী বা সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী কিনা? ঃ
১২। আবেদনকারী বা উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য কোন সময় জালিয়াতি, প্রতারণামূলক বা অসাধু কার্যকলাপজনিত কোন ফৌজদারী অপরাধের দায়ে দন্ডিত হইয়াছিল কিনা? হইলে কখন, কোথায় এবং কোন অপরাধে? ঃ
১৩। আবেদনকারী বা উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য কোন সময় আদালত কর্তৃক দেউলিয়া বা বিকারগ্রস্ত বলিয়া ঘোষিত হইয়াছিল কিনা? হইলে কখন, কোথায়? ঃ
১৪। আবেদনকারী বা উহার পরিচালকমন্ডলীর কোন সদস্য কোন ব্যাংকের ঋণ খেলাপি কিনা? হইলে কোন ব্যাংক এবং কত টাকা? ঃ
১৫। আবেদনকারীর অনুমোদিত প্রতিনিধি (যদি থাকে) এর –
(ক) নাম
(খ) পিতার নাম
(গ) স্থায়ী ঠিকানা
(ঘ) বর্তমান ঠিকানা
(ঙ) অফিসের ঠিকানা
(চ) শিক্ষাগত যোগ্যতা
১৬। আবেদনকারীর কর্মচারীর সংখ্যা ঃ
১৭। অন্যান্য তথ্যাদি ঃ

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য ও সঠিক।

তারিখ........

...............................
আবেদনকারীর স্বাক্ষর ও সীল

**ডিপজিটরির সুপারিশ/মন্তব্যঃ**

তারিখ -------------------

...............................
প্রধান নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

### তফসিল-২
{প্রবিধান ৩১, উপ-প্রবিধান (১)}
**ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদ**
(কমিশনের মনোগ্রাম)
সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন
ডিপজিটরি অংশগ্রহণকারী নিবন্ধন সনদ

নিবন্ধন ক্রমিক নং---------- সনদ প্রদানের তারিখ-------

ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০২ এর প্রবিধান ৩১ এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন এতদ্বারা ......... (নাম লিখুন) ..... ......... ঠিকানা ........ কে একজন নিবন্ধিকৃত ----- অংশগ্রহণকারী হিসাবে কাজ করার জন্য এই নিবন্ধন সনদ প্রদান করা হইল।

এই নিবন্ধন সনদ..... তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে এবং পরবর্তীতে উহা যে অত্র সনদের পশ্চাতে প্রদত্ত নির্দিষ্ট ছকে নবায়ন করা যাইবে।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের
পক্ষে
----------
সনদ প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষর
নামঃ ---------------
পদবী ও সীল---------

**সনদ নবায়ন**

| যে তারিখ পর্যন্ত নবায়িত | পরিবর্তিত ঠিকানা, আইনগত মর্যাদা ইত্যাদি (প্রযোজ্য হইলে) | কর্মকর্তার স্বাক্ষর ও সীল |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

### তফসিল-৩
{প্রবিধান ৩১, উপ-প্রবিধান (৬)}
**ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদ নবায়ন**

ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদের নবায়নের আবেদন
১। অংশগ্রহণকারীর নাম ও শ্রেণী ঃ
২। নিবন্ধন সনদের ক্রমিক নং ঃ
৩। সনদ প্রদান, সর্বশেষ নবায়ন ও মেয়াদ উত্তীর্ণের তারিখ ঃ
৪। পরিবর্তিত ঠিকানা (যদি থাকে) ঃ
(ক) স্থায়ী
(খ) বর্তমান
(গ) অফিস
(ঘ) টেলিফোন/টেলেক্স/ফ্যাক্স নং/ই-মেইল
৫। অংশগ্রহণকারীর প্রতিষ্ঠানের বৈশিষ্ট্যের ব্যাপারে কোন কাঠামোগত বা আইনগত পরিবর্তন হইলে উহার সংক্ষিপ্ত বর্ণনা ঃ

(কোন পরিবর্তন হইয়া থাকিলে উহা পরিবর্তনের অনুলিপিসহ তিন কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট ডিপজিটরি ও কমিশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে)
আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

তারিখঃ..............

...............................
আবেদনকারী স্বাক্ষর ও সীল

**ডিপজিটরির সুপারিশঃ**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে .................. (নাম লিখুন) ঠিকানা .............. এই ডিপজিটরির ............................ অংশগ্রহণকারী।
সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন কর্তৃক তাহার নিবন্ধন সনদ........ তারিখ পর্যন্ত নবায়নের জন্য সুপারিশ করা হইল।

তারিখ ..........

...............................
(প্রধান নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর ও সীল)

### তফসিল-৪
{প্রবিধান ৪৮)}
**ডিপজিটরি প্রদত্ত সেবার ফি**

| ক্রমিক নং | ফি এর খাত | ফি হার | ন্যূনতম ফি (টাকায়) | ফি নির্ধারণের ভিত্তি | পরিশোধকারী | কখন প্রদেয় |
|---|---|---|---|---|---|---|
| ১। | অজড় (demat) ফি | টাকা ০.০০০২৫ | ১০ | সিকিউরিটির বাজার মূল্য | অংশগ্রহণকারী | মাস শেষে |
| ২। | লেনদেন (transaction) ফি | টাকা ০.০০০২৫ | ১০ | ঐ | অংশগ্রহণকারী/ হিসাবধারক | ঐ |
| ৩। | কাষ্টোডি (custody) ফি | বাৎসরিক ০.০৫০% | ১০ | ঐ | ঐ | ঐ (দৈনিক হিসাবের ভিত্তিতে) |
| ৪। | ডিপজিটরির সংযোগ ফি | মাসিক টাকা ৫০০ | -- | প্রথম সংযোগের জন্যে মাসিক নির্দিষ্ট ফি | অংশগ্রহণকারী/ইস্যুয়ার | মাসিক অগ্রিম |
| ৫। | ডিপজিটরির অতিরিক্ত সংযোগ ফি | মাসিক টাকা ৫,০০০ | -- | প্রতিটি অতিরিক্ত সংযোগের জন্যে মাসিক নির্দিষ্ট ফি | ঐ | ঐ |
| ৬। | ইস্যুকৃত যোগ্য সিকিউরিটির অভিহিত মূল্যের (face value) উপর বার্ষিক ফিঃ<br>– পাঁচ কোটি টাকা পর্যন্ত<br>– পাঁচ কোটি টাকার উর্ধ্বে তবে বিশ কোটি টাকা পর্যন্ত<br>– বিশ কোটি টাকার উর্ধ্বে | টাকা ২৫,০০০<br>টাকা ৫০,০০০<br>টাকা ১,০০,০০০ | ---<br>---<br>--- | প্রতিটি যোগ্য সিকিউরিটির জন্যে বার্ষিক নির্দিষ্ট ফি | ইস্যুয়ার | বার্ষিক অগ্রিম |
| ৭। | নতুন ইস্যু/আইপিও (IPO) ফি | টাকা ০.০০০২৫ | --- | ইস্যুর মূল্য | ইস্যুয়ার/ অংশগ্রহণকারী | আবেদনের সাথে/মাস শেষে |
| ৮। | পুনঃ জড় (remat) ফি | টাকা ০.১০ | ১০০ | প্রতিটি সিকিউরিটি | অংশগ্রহণকারী/সরাসরি হিসাবধারক | মাস শেষে |
| ৯। | দালিলিক (documentation) ফি | টাকা ২,৫০০ | --- | এককালীন, নির্দিষ্ট | অংশগ্রহণকারী/ইস্যুয়ার/ সরাসরি হিসাবধারক | হিসাব খোলার সময় |
| ১০। | স্টেটমেন্টের (statement) জন্যে আবেদন ফি/স্টেটমেন্ট পরীক্ষণ (verification) ফি | টাকা ১০ | --- | প্রতি পৃষ্ঠা | হিসাবধারক | আবেদনের সাথে |

GD-1054